

## তথ্য অধিকার বিষয়ক উপকমিটির সভার সিদ্ধান্ত

জাতীয় শুদ্ধাচার কৌশলের আওতায় গঠিত তথ্য অধিকার বিষয়ক উপকমিটির  
০৬ জানুয়ারি ২০১৫/২৩ পৌষ ১৪২১ তারিখে অনুষ্ঠিত প্রথম সভার কার্যবিবরণীর উদ্ধৃতাংশ

### ১২। সিদ্ধান্ত:

১২.১। তথ্য অধিকার আইন, ২০০৯-এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ অবিলম্বে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ প্রদান সম্পন্ন করবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ তাদের আওতাধীন দপ্তর-সংস্থাসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে। মন্ত্রণালয়/বিভাগের ক্ষেত্রে উপসচিব/যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তাদের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে নিয়োগ করা যেতে পারে।

১২.২। সকল এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ প্রদানে র জন্য শিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। এনজিওসমূহের তথ্য অধিকার সংক্রান্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগের বি ষয়ে এনজিও অ্যাফেয়ার্স ব্যুরো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১২.৩। তথ্য কমিশন মন্ত্রণালয়/বিভাগ এবং জেলা পর্যায়ের উপযুক্ত সংখ্যক কর্মকর্তাকে তথ্য অধিকার আইনের ওপর প্রশিক্ষণ প্রদান করে একটি প্রশিক্ষক প্যানেল প্রস্তুত করবে। প্যানেলভুক্ত প্রশিক্ষকদের মাধ্যমে মন্ত্রণালয়/বিভাগ, অধস্তন দপ্তর এবং জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রশিক্ষণ/ওরিয়েন্টেশন কোর্সের আয়োজন করা হবে।

১২.৪। প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ যথোপযুক্ত সকল প্রশিক্ষণ কোর্সে তথ্য অধিকার আইন সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্ত করবে। তথ্য কমিশন অনলাইন প্রশিক্ষণ কোর্স প্রবর্তনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

১২.৫। প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ওয়েবসাইটে ‘তথ্য অধিকার’ বিষয়ক একটি মেনু সৃজন পূর্বক এতে সংশ্লিষ্ট আইন, বিধি ও নির্দেশিকা অনুযায়ী তথ্য প্রকাশ করতে হবে। মন্ত্রণালয়/বিভাগের স্বপ্রণোদিত তথ্য প্রকাশ কার্যক্রম পরিবীক্ষণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে তথ্য কমিশন ও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উপযুক্ত প্রতিনিধিদের সমন্বয়ে একটি কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটি গঠন করা হবে।

১২.৬। তথ্য কমিশন বিভাগ ও জেলা পর্যায়ে আয়োজিত উদ্ভাবনী মেলাসমূহে তথ্য অধিকার সংক্রান্ত স্টল স্থাপন করবে। জেলা প্রশাসক, জেলা তথ্য অফিসার এবং জেলা উপদেষ্টা কমিটি এ কাজে তথ্য কমিশনকে সহায়তা প্রদান করবে। উপজেলা পর্যায়ে জনঅবহিতকরণ সভা আয়োজনেও জেলা ও উপজেলা প্রশাসন তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

১২.৭। তথ্য কমিশন এতদ্বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের একটি ডাটাবেজ প্রস্তুত করবে এবং তথ্য অধিকার বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে গবেষণা সম্পাদন করবে। মন্ত্রিপরিষদ বিভাগ একাজে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

১২.৮। স্থানীয় সরকার বিভাগ তথ্য অধিকার আইনের ব্যাপক প্রচার এবং স্বপ্রণোদিত তথ্য প্রকাশের ক্ষেত্রে ইউনিয়ন ও পৌর ডিজিটাল সেন্টারকে সম্পৃক্ত করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা)

মন্ত্রিপরিষদ সচিব